

এমপিওর দাবিতে ১৬ দিন ফুটপাতে শিক্ষকরা

যুগান্তর রিপোর্ট

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের স্কুল, কলেজ ও মাদ্রাসার স্বীকৃতিপ্রাপ্ত নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির দাবিতে লাগাতার আন্দোলনের ২০তম দিন অর্থাৎ ১৬ দিনের মধ্যে শিক্ষক-কর্মচারী ফেডারেশনের ডাকে এই কর্মসূচি পালিত হচ্ছে। আন্দোলনের ২০ দিনের মধ্যে শিক্ষকরা ১৬ দিনই কাটালেন জাতীয় প্রেস ক্লাবের সামনে ফুটপাতে। এই সময়ের মধ্যে প্রথম ৬ দিন তারা অনশন পালন করেন। পরদিন থেকে লাগাতার অবস্থান কর্মসূচি পালন করেন। অবস্থানকালে শিক্ষকরা আরও বিভিন্ন কর্মসূচি পালন করেন। তারই

ধারাবাহিকতায় শনিবার অর্ধপ্রজ্বলিত মোমাবাদি, নিডিয়ে প্রতীকী প্রতিবাদ পালন করেছেন তারা।

চলমান কর্মসূচির শুরুতে গত ২৬ ও ২৭ অক্টোবর কেন্দ্রীয় শহীদ মিনারে এবং ২৮ ও ২৯ অক্টোবর জাতীয় প্রেস ক্লাবের সামনে অবস্থান কর্মসূচি পালন করেন শিক্ষকরা। এরপর ৩০ অক্টোবর থেকে ৪ নভেম্বর পর্যন্ত ৬ দিন অনশন পালিত হয়। ১৭তম দিনে মুখে কালো কাপড় বেঁধে প্রতিবাদ এবং ১৮তম দিনে শূন্য থালা হাতে নিয়ে প্রতিবাদ কর্মসূচি পালন করা হয়। কিন্তু তারপরও এমপিওভুক্তির দাবি আদায় না হওয়ায় শিক্ষক নেতারা আন্দোলন কর্মসূচি চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেন।